দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 3 1999
পৃঃ ৪ কলাম ৪

৬৩

# ইসলামী ভার্সিটি ছাত্রী হলে তালা ॥ হাউজ টিউটরের অপসারণ দাবী

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ হাউস টিউটর কর্তৃক হিটার উদ্ধার এবং ছাত্রীদেয় সহিত রূঢ় আচরণকে কেন্দ্র করিয়া গত এক সপ্তাহ যাবৎ ইসলামী বিশ্ববিদ্যালয়ের খালেদা জিয়া হলে উত্তেজনা বিরাজ করার প্রেক্ষিতে গত বুধবার উক্ত হলের বিক্ষুব্ধ ছাত্রীরা ভোর ৬টায় হলের গেটসহ বিভিন্ন অফিসে তালা লাগাইয়া দেয়। পরে সকাল ৬টায় শতাধিক ছাত্রী উক্ত হাউস টিউটর সেলিনা নাসরিনের অপসারণের দাবীতে মিছিল সহকারে ভিসি অফিসে অবস্থান নেয় এবং স্মারকলিপি প্রদান করে। ভাইস চ্যান্সেলর প্রফেসর কায়েসউদ্দিন আগামী এক সপ্তাহের মধ্যে উদ্ভূত সমস্যার সন্তোষজনক সমাধানের প্রতিশ্রুতি দিলে আন্দোলনরত ছাত্রীরা হলে ফিরিয়া সকল তালা খুলিয়া দেয়। তবে উক্ত হাউস টিউটরকে হল এলাকায় অবাঞ্ছিত করার ঘোষণা বহাল রাখিয়াছে।

সংশ্লিষ্ট হাউস টিউটর গত বৃহস্পতিবার ইত্তেফাককে জানান, গত ২২শে জুন হলের ডাইনিং ব্যবস্থায় গতিশীলতা আনিতে ৫টি অবৈধ হিটার উদ্ধার করা হয়। তবে কোন জরিমানা বা ছাত্রীদের সহিত খারাপ ব্যবহারের অভিযোগ তিনি অস্বীকার করেন। এদিকে গত বুধবার আকস্মীকভাবে ছাত্রী হলের প্রভোষ্ট ডঃ রাবেয়া বেগমকে সরাইয়া নির্মাণাধীন বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোষ্ট নিয়োগ করা হইয়াছে। দাওয়াহ বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ আফাজ উদ্দিনকে খালেদা জিয়া হলের নূতন প্রভোষ্ট নিয়োগ করা হইয়াছে। এই সিদ্ধান্তের প্রতিবাদ জানাইয়া বৃহস্পতিবার হলের ছাত্রীরা ছাত্রী হলে মহিলা প্রভোষ্ট নিয়োগের যৌক্তিকতা দেখাইয়া ডঃ রাবেয়ার পুনর্বহালের দাবীতে ভিসির নিকট স্মারকলিপি দেয়। ভিসি জানান, বিশ্ববিদ্যালয়ের বৃহত্তর স্বার্থেই এরূপ সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।